

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিষ্ট্রেশন অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা

## বিজ্ঞপ্তি

নং-১৭.০৫.৪৭৩০.০০০.৩২.০০১.২৬- ২৭২ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬ খ্রিঃ

মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশনা মোতাবেক ভোটার তালিকা ডাটাবেইজে অন্তর্ভুক্ত ৩১/০৭/২০০৮ তারিখ পর্যন্ত বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের নিমিত্তে ভোটার তালিকা আইন ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা ২০১২ এর বিধি ১৪ (১) অনুসারে আমি মনোরঞ্জন বিশ্বাস উপজেলা নির্বাচন অফিসার, ডুমুরিয়া, খুলনা ও রেজিষ্ট্রেশন অফিসার এতদ্বারা খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ১৪টি ইউনিয়ন ধামালিয়া, রঘুনাথপুর, রুদাঘরা, খর্ণিয়া, আটলিয়া, মাগুরাঘোনা, শোভনা, শরাফপুর, সাহস, ভান্ডারপাড়া, ডুমুরিয়া, রংপুর, গুটুদিয়া ও মাগুরখালী ইউনিয়নের ভোটার এলাকা সমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতেছি।

**সময়সূচিঃ**

| ক্রম | বিবরণ | | তারিখ |
|---|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ | : | ০৯ আগস্ট ২০২৬ (রবিবার) |
| ২ | দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখ | : | ২৪ আগস্ট ২০২৬ (সোমবার) |
| ৩.১ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | : | ২৭ আগস্ট ২০২৬ (বৃহস্পতিবার) |
| ৩.২ | দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | : | ২৮ আগস্ট ২০২৬ (শুক্রবার) |
| ৪ | **হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ** | : | ৩১ আগস্ট ২০২৬ (সোমবার) |

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির দাবি অথবা অন্তর্ভূক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভূক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২৪ আগস্ট ২০২৬ সোমবারের মধ্যে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা কার্যালয়ে লিখিতভাবে অথবা ডাকযোগে দাখিল করিতে হইবে।

তারিখঃ ০৯/০৮/২০২৬ খ্রিঃ।
স্থানঃ উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা।

(মনোরঞ্জন বিশ্বাস)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ডুমুরিয়া, খুলনা।

নং-১৭.০৫.৪৭৩০.০০০.৩২.০০১.২৬- ২৭২ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৬। অফিসার ইনচার্জ, ডুমুরিয়া থানা, ডুমুরিয়া, খুলনা।
৭। চেয়ারম্যান/ প্রশাসক...................... ইউনিয়ন পরিষদ, (সকল) ডুমুরিয়া, খুলনা। (তাঁর কার্যালয়ে প্রদর্শনের জন্য একসেট খসড়া ভোটার তালিকা প্রেরণ করা হলো এবং প্রদর্শন শেষে তাকে ২৫/০৮/২০২৬ তারিখে তালিকাটি ফেরৎ প্রদানের অনুরোধ করা হলো)।
৮। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ডুমুরিয়া, খুলনা।
৯। সভাপতি/সম্পাদক ডুমুরিয়া প্রেস ক্লাব।
১০। নোটিশ বোর্ড
১১। অফিস নথি।

(মনোরঞ্জন বিশ্বাস)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ডুমুরিয়া, খুলনা।